



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৮.৩৩

সার্কুলার

বিষয়: ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের অধীন কোনরূপ কার্য-সম্পাদনের উদ্যোগ গ্রহণ, ভেরিয়েশন অর্ডার প্রণয়ন ও প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে।

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রয়কার্যের সাথে সংশ্লিষ্ট সকল ক্রয়কারী (Procuring Entity) কে ভেরিয়েশন অর্ডারের অধীন কোন কাজ বাস্তবায়ন আবশ্যিক হলে নিম্নোক্ত বিষয় সমূহ অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো-

১. পিপিআর-২০০৮ এর বিধি ৮০(৩) অনুসারে "অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন অবস্থাতেই কোন ঠিকাদার ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের অধীন কোনরূপ কার্য-সম্পাদনের উদ্যোগ গ্রহণ করিবে না।"
২. পিপিআর-২০০৮ এর বিধি ৮০(৪) অনুসারে "উপ-বিধি (৩) এর ব্যতিক্রম হিসাবে, তহবিলের সংস্থান থাকা সাপেক্ষে ক্রয়কারী কার্যালয় প্রধান কোন ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের অধীন নিম্নবর্ণিত যে কোন শর্তে অনতিবিলম্বে কার্য-সম্পাদন শুরু করার আদেশ প্রদান করিতে পারিবেঃ
 - (ক) জরুরী ভিত্তিতে কার্য-সম্পাদন শুরু করা না হইলে যদি জনসেবা (Public Service) বিম্লিত হইবার বা জীবন ও সম্পত্তি বা উভয়ের ক্ষতির আশঙ্কা থাকে; বা
 - (খ) সময় যখন মুখ্য বিবেচ্য-তবে শর্ত থাকে যে,-
 - (অ) সংশ্লিষ্ট সময় পর্যন্ত অনুমোদিত হয় নাই প্রকল্পের এইরূপ কার্য মূল্যের ক্রমপুঞ্জিত বৃদ্ধির পরিমাণ, মূল চুক্তি মূল্যের ১০% মধ্যে সীমিত থাকিবে; এবং
 - (আ) কার্য শুরুর অব্যবহিত পরে এই ধরনের ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত আদেশ প্রণয়ন করিয়া বিধি ৩৬ অনুসারে যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য দাখিল করিতে হইবে"।

এখানে, "ক্রয়কারী কার্যালয় প্রধান" অর্থ বাপাউবো'র মহাপরিচালক মহোদয়কে এবং "তহবিল" অর্থ বার্ষিক উন্নয়ন কর্মসূচী ভুক্ত হলে ডিপিপিতে উল্লিখিত প্যাকেজ ব্যয় ও পরিচালন বাজেটভুক্ত হলে বরাদ্দ বুঝাবে।

এমতাবস্থায়, ভেরিয়েশনের অধীন কার্য সম্পাদন করে অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা পিপিআর-২০০৮ এর উপরোক্ত বিধির ব্যত্যয়। তবে কাজ সম্পাদনের জন্য অনুচ্ছেদ-২'এ উল্লেখিত পরিস্থিতিতে ভেরিয়েশন অত্যাবশ্যকীয় হলে পিপিআর-২০০৮ এর সংশ্লিষ্ট বিধি (বিধি ৭৭-৮০) ও চুক্তি দলিলের সংশ্লিষ্ট ধারা অনুসরণপূর্বক অনুমোদনের প্রক্রিয়াকরণ করতে হবে।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারী করা হলো।

Alam

২৯-০২-২০২৪

মোঃ হাফিজুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (ভারপ্রাপ্ত)

০২২২২২৩০০১৫

se.cpc.bwdb@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো;
- ২। প্রকল্প পরিচালক (সকল)....., বাপাউবো;
- ৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল)....., বাপাউবো;
- ৫। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
- ৭। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক (সকল), বাপাউবো;
- ৮। নির্বাহী প্রকৌশলী (পুর), কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
- ৯। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং
- ১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিচালনা/প্রশাসন/অর্থ), বাপাউবো, পানি ভবন, ঢাকা।



Alam

০৭-০৩-২০২৪

মোঃ হালিম সালেহী

নির্বাহী প্রকৌশলী (পুর)